

শিরোনাম	সূত্র	তারিখ
স্বাধীনতা প্রতিষ্ঠার আহ্বানে ফরওয়ার্ড স্টুডেন্টস ব্লকের প্রচারপত্র	ফরওয়ার্ড স্টুডেন্টস ব্লকের প্রচারপত্র	৮ মার্চ, ১৯৭১

**জয় স্বাধীন বাংলা**  
**ফরওয়ার্ড স্টুডেন্টস ব্লকের ঢাক**  
**আপোসের চোরাবালিতে বাংলার এ স্বাধীনতার উদিত সূর্য যেন**  
**মেঘাচ্ছম না হয়**

সংগ্রামী বন্ধুগণ,

সাড়ে সাত কোটি বাঙালীর স্বাধীনতা সংগ্রাম চলছে-ঘরে ঘরে আজ উড়ছে স্বাধীন বাঙলার পতাকা। দুই যুগ ধরে যারা বাঙলার রাজনৈতিক, সামাজিক আর অর্থনৈতিক ঐতিহ্যের চিহ্নে নিশ্চিহ্ন করার জন্য বৈরাচারের নির্মম, ইংস্র নথরের ধাবা এ বাঙলার মাটিতে চালিয়েছিল-জাগ্রত বীর বাঙালীর রূদ্ররোমের মুখে আর কালের অবধারিত বিচারে বাঙলার মাটি থেকে উৎখাত হয়ে আজ তারা আঁস্তাকুড়ে নিষ্কিঞ্চ হবার পথে।

সংগ্রামী সাথী ভাইবনেরা,

স্বাধীনতা প্রতিষ্ঠার এ দুর্জয় সংগ্রামকে খতম করার নিমিত্তে শোষক চক্রের কারসাজির জাল বিস্তার সরিশেষ লক্ষণীয়। মুক্তিপাগল বাঙালীরা শোষকদের দু-একটি কারসাজির মুখোশ ইতিমধ্যেই আঁচ করতে সক্ষম হয়েছে।

বাঙলার জনপদ আজ বাঙলার বীর মুক্তিফৌজদের রঙে রঙিত। বিদেশী সেনাদের পদচারণা বাঙলার মাটি আজও অপবিত্র ও কলঙ্কিত।

এরই পটভূমিতে সে রক্তশোষকদের রূদ্ররোমের দাবানগের বহিঃশিখা সাময়িক ক্ষীণতর হয়ে এ বাঙলার মানুমের নজ্য কুস্তীরাশ করা আরম্ভ করেছে।

মুক্তিকামী জাগ্রত ভাইবনেরা,

ইয়াহিয়া-ভুট্টো-কাইয়ুম চক্র আজ আপোসের চোরাবালি সৃষ্টি করতে চাচ্ছে। প্রাসাদচক্রের এ বিস্তারিত জালের পতন অবশ্যস্তাৰী কিন্তু আজ আমাদের সর্বাঙ্গে আপোসের সেই জালে পদচারণা থেকে বিরত থাকার শপথ নিতে হবে।

সংগ্রামের ঐতিহ্যবাহী নিপীড়িত বাঙালী যদি পশ্চিমাদের সে আপোসের চোরাবালিতে পদচারণা করে তাহলে যুগের নির্ধারিত স্থানে আর ইতিহাসের অবধারিত কলঙ্কিত অধ্যায়েই বাঙালীদের স্থান হবে। আজকের এ স্বাধীনতা সংগ্রামের নায়কদের এ শিক্ষা গ্রহণ করা উচিত হবে, নচেৎ তাদেরকেও পলাশীর বিশ্বাসঘাতকদের দলেই ইতিহাসের রুট বাস্তব চিহ্নিত করে রাখবে।

পরিশেষে বাংলার সাড়ে সাত কোটি জাতৃত স্বাধীনতাকামী ভাইবোনদের নিকট আমাদের আকুল আবেদন, টেকনাফ থেকে তেঁতুলিয়া পর্যন্ত বাঙলার ঘরে ঘরে মাতৃভূমি বাঙলাকে স্বাধীন করার যে দুর্জয় প্রতিজ্ঞা গর্জে উঠেছে তাকে যে কোন মূল্যে বাঁচিয়ে রেখে “স্বাধীন সমাজতান্ত্রিক বাঙলা দেশ” গঠন করতে হবেই। এরই প্রেক্ষিতে সর্বস্তরে ‘বাঙলা মুক্তিকূন্ট’ (Bengal Liberation Front) গঠন করন, প্রামে-প্রামে, নগরে-নগরে, মুক্তি ফৌজ গড়ে তুলুন আর স্বাধীনতা সংগ্রামকে সঠিক গতিতে এগিয়ে নিয়ে চলুন। জয় আমাদের অবশ্যস্তাবী।

জয় স্বাধীন বাঙলাঃ

বিনীত-

মোঃ লুৎফর রহমান  
সভাপতি।

সৈয়দ ওয়াজেদুল করিম  
সাধারণ সম্পাদক